1. স্পিনোজার দেহ-মনের সম্পর্ক বিষয়ক মতবাদটি হল

(A) ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ

(B) সমান্তরালবাদ

(C) তাদাত্ম্যবাদ

(D) পূর্বস্থাপিত শৃঙ্খলাবাদ

The Theory of Mind-Body Relation accepted by Spinoza is

(A) Interactionism

(B) Parallelism

(C) Identity Theory

(D) Theory of Pre-established Harmony

2. জৈনদর্শন অনুসারে একান্তবাদের দোষ হল একপ্রকার

(A) অনুমানাভাস

(B) স্মৃত্যাভাস

(C) নয়াভাস

(D) দ্ব্যর্থকতা দোষ

According to Jaina philosophy, fallacy of one-sidedness is a type of

(A) fallacy of inference.

(B) fallacy of memory.

(C) fallacy of partial cognition.

(D) fallacy of ambiguity.

3. দেকার্তের 'আমি চিন্তা করি সুতরাং আমি আছি' হল একটি

(A) অবরোহ অনুমান

(B) স্বজ্ঞা

(C) আরোহমূলক সামান্যীকরণ

(D) সহজাত ধারণা

Descartes' 'I think therefore I exist' is a/an

(A) Deductive Inference

(B) Intuition

(C) Inductive Generalisation

(D) Innate Idea

4. 'তত্ত্বচিন্তামণি' গ্রন্থটি কে রচনা করেন?

(A) বাচস্পতি মিশ্র

(B) গঙ্গেশ উপাধ্যায়

(C) জয়ন্ত ভট্ট

(D) উদয়নাচার্য

Who wrote the book *Tattvacintāmaṇi*?

(A) Vacaspati Miśra

(B) Gangeśa Upādhyāya

(C) Jayanta Bhatta

(D) Udayanācārya

5. আঙুর এবং কলা হল সুস্বাদু ও পুষ্টিকর ($Gx, Bx, Dx, Nx$) — এই বচনটির সাংকেতিক রূপ হল

Grapes and Bananas are delicious and nutritous ($Gx, Bx, Dx, Nx$) — this proposition can be symbolized as

(A) $(x)\ [(Gx \cdot Bx) \supset (Dx \cdot Nx)]$

(B) $(x)\ [(Gx \cdot Bx) \supset (x)\ (Dx \cdot Nx)]$

(C) $(x)\ [(Gx \vee Bx) \supset (Dx \cdot Nx)]$

(D) $(\exists x)\ [(Gx \cdot Bx) \supset (Dx \cdot Nx)]$

6. রামানুজের মতানুসারে নিম্নলিখিত কোন বাক্যটি ব্রহ্ম বিষয়ে সত্য নয়?

(A) ব্রহ্ম অদ্বৈত

(B) ব্রহ্ম স্বগত ভেদবিশিষ্ট

(C) ব্রহ্ম সজাতীয় ভেদবিশিষ্ট

(D) ব্রহ্ম চিৎ-অচিৎ বিশিষ্ট

According to Rāmānuja which one of the following statements is not true of Brahman?

(A) Brahman is non-dual.

(B) Brahman possesses internal distinction.

(C) Brahman possesses homogenous distinction.

(D) Brahman possesses *cit* and *acit*.

7. ফাই-ফেনোমেনন নিম্নোক্ত কোন তত্ত্বের সাথে সম্পর্কিত?

(A) আচরণবাদী তত্ত্ব

(B) গেস্টাল্ট প্রত্যক্ষবাদ

(C) ফ্রয়েডের স্বপ্নতত্ত্ব

(D) শিক্ষণসংক্রান্ত পরিজ্ঞানবাদ

Phi-Phenomenon is associated with which of the following theories?

(A) Behaviorist Theory

(B) Gestalt Theory of Perception

(C) Dream Theory of Freud

(D) Insight Theory of Learning

8. পল টেলর সমর্থন করেন—

(A) বাস্তুকেন্দ্রিক পরিবেশ নীতিবিদ্যা

(B) ভূমি নীতিবিদ্যা

(C) জীবকেন্দ্রিক পরিবেশ নীতিবিদ্যা

(D) নারীবাদী পরিবেশ নীতিবিদ্যা

Paul Taylor supports—

(A) Ecocentric environmental ethics

(B) Land ethics

(C) Biocentric environmental ethics

(D) Feminist environmental ethics

9. কোন শাস্তিতত্ত্বের সঙ্গে কান্ট-এর নাম জড়িত?

(A) প্রতিশোধাত্মক

(B) সংশোধনমূলক

(C) প্রতিরোধাত্মক

(D) উপরের কোনোটিই নয়

What kind of Theory of Punishment can be attributed to Kant?

(A) Retributive

(B) Reformative

(C) Preventive

(D) None of the above

10. পাশ্চাত্য নীতিবিদ্যা অনুযায়ী নীচের কোনটি অ-নৈতিক ক্রিয়া?

(A) প্রতিজ্ঞা ভঙ্গ করা

(B) শারীরিকভাবে কাউকে আঘাত করা

(C) প্রতিবর্ত ক্রিয়া

(D) উপরের সবকটিই

According to Western ethics which one of the following is an example of non-moral action?

(A) Breaking a promise

(B) Hurting someone physically

(C) Reflex action

(D) All of the above

11. বৈশেষিক মত অনুসারে দুটি বিজাতীয় পরমাণুর মধ্যে পার্থক্যের ভিত্তি কী?

(A) পরিমাণ

(B) গুণ

(C) পরিমাণ ও গুণ উভয়েই

(D) উপরের কোনোটিই নয়

According to Vaiśeṣika what is the basis for distinguishing two heterogenous atoms?

(A) *Parimāṇa*

(B) *Guṇa*

(C) Both *Parimāṇa* and *Guṇa*

(D) None of the above

12. "সুখের কেবল পরিমাণগত পার্থক্য আছে, কোনো গুণগত পার্থক্য নেই"— কে বলেছেন?

(A) মিল

(B) বেন্থাম

(C) ফ্রাঙ্কেনা

(D) কান্ট

"There is only quantitative difference of happiness, there is no qualitative difference of happiness."—Who said this?

(A) Mill

(B) Bentham

(C) Frankena

(D) Kant

13. বৈশেষিক মত অনুযায়ী 'বিশেষ' থাকতে পারে—

(A) নিত্য দ্রব্যে

(B) গুণে

(C) সামান্যে

(D) সমবায়ে

According to Vaiśeṣika philosophy '*Viśeṣa*' can reside at

(A) *Nitya Dravya*

(B) *Guṇa*

(C) *Sāmānya*

(D) *Samavāya*

14. নিম্নোক্ত কোনটি বৈজ্ঞানিক প্রকল্পের মূল্যায়নের মানদণ্ড নয়?

(A) যাচাইযোগ্যতা

(B) পূর্ব প্রতিষ্ঠিত প্রকল্পের সঙ্গে সঙ্গতি

(C) জটিলতা

(D) প্রাসঙ্গিকতা

Which of the following is not a criterion for evaluating a scientific hypothesis?

(A) Testability

(B) Compatibility with previously well established hypotheses

(C) Complexity

(D) Relevance

15. 'বিড়াল ও ধাঁধা পিঞ্জর'-এর পরীক্ষা শিক্ষণসংক্রান্ত কোন তত্ত্বের সাথে সম্পর্কিত?

(A) প্রচেষ্টা ও ভুল সংশোধন মতবাদ

(B) সাপেক্ষ প্রতিবর্তবাদ

(C) সাপেক্ষ আচরণমূলক মতবাদ

(D) জ্ঞানীয় শিক্ষণ মতবাদ

'Cat in a Puzzle Box' experiment is associated with which theory of learning?

(A) Trial and Error Theory

(B) Conditioned Response Theory

(C) Operant Conditioning Theory

(D) Cognitive Learning Theory

16. "দুটি ধারণার মধ্যে মিল বা অমিল প্রত্যক্ষ হল জ্ঞান"—কে বলেছেন?

(A) প্লেটো

(B) দেকার্ত

(C) লক

(D) হিউম

"Knowledge is the perception of agreement or disagreement of two ideas"— who said this?

(A) Plato

(B) Descartes

(C) Locke

(D) Hume

17. নীচের কোন বক্তব্যটি বার্কলের দর্শনের প্রেক্ষিতে অযথার্থ?

(A) ভৌত দ্রব্য বলে কিছু নেই।

(B) যাকে আমরা দ্রব্য বলি তা আসলে ধারণামাত্র।

(C) ঈশ্বর আমাদের মধ্যে ধারণা সৃষ্টি করেন।

(D) পক্ষীরাজ ঘোড়ার ধারণা আছে।

Which of the following statements is incorrect according to Berkley's philosophy?

(A) There are no physical objects.

(B) What we call objects are only ideas.

(C) God creates ideas in us.

(D) There are ideas of flying horse.

18. নিম্নোক্ত কোন জোড়টি পরস্পরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়?

(A) অবিচ্ছেদ্যের অভেদ নীতি — লাইবনিজ

(B) প্রতিপাদক জ্ঞান — লক

(C) ধারণার অনুষঙ্গ — বার্কলে

(D) বোধশক্তির দ্বাদশ প্রকার — কান্ট

Which of the following pairs is not correctly matched?

(A) Principle of the Identity of the Indiscernibles — Leibnitz

(B) Demonstrative Knowledge — Locke

(C) Association of Ideas — Berkley

(D) Twelve Categories of Understanding — Kant

19. হিউমের মতে, ব্যক্তির অভিন্নতার ধারণা গঠনের ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করে—

(A) স্থায়ী আত্মা
(B) স্মৃতি
(C) দেহ
(D) আবেগ

According to Hume, which of the following plays primary role in constituting the concept of personal identity?

(A) Permanent self
(B) Memory
(C) Body
(D) Emotions

20. নির্মধ্যম নিয়মের আকার হল

The form of the law of excluded middle is

(A) $p \equiv p$
(B) $p \vee \sim p$
(C) $\sim(p \vee \sim p)$
(D) $p \supset p$

21. গান্ধীর দর্শনে 'সর্বোদয়' বলতে কী বোঝানো হয়েছে?

(A) রাজার শাসন
(B) একটি নির্দিষ্ট গোষ্ঠীর কল্যাণ
(C) সকলের কল্যাণ
(D) রাষ্ট্রের আধিপত্য

What does 'Sarvodaya' mean in Gandhi's philosophy?

(A) Rule by the King
(B) Welfare of a selected group
(C) Welfare of all
(D) State domination

22. বচনের গতানুগতিক বিরোধ চতুষ্কোণে অধীন-বিপরীত বিরোধী বচনগুলি

(A) একসঙ্গে সত্য হতে পারে না।
(B) একসঙ্গে মিথ্যা হতে পারে না।
(C) একসঙ্গে মিথ্যা হতে পারে।
(D) উপরোক্ত কোনোটিই নয়

In the traditional square of opposition two sub-contrary propositions

(A) cannot both be true.
(B) cannot both be false.
(C) can both be false.
(D) None of the above

23. 'শিক্ষণ হল স্মৃতিমূলক'—এই মতটির প্রবক্তা হলেন

(A) সক্রেটিস
(B) অ্যানাক্সিমেন্ডার
(C) অ্যারিস্টটল
(D) প্লেটো

'Learning is recollection'—is the view of

(A) Socrates
(B) Anaximender
(C) Aristotle
(D) Plato

24. হিউমের মতে, বস্তুস্থিতিবিষয়ক আমাদের সমস্ত ধারণা নির্ভর করে

(A) সাদৃশ্য এবং সন্নিধির উপর।
(B) সাদৃশ্য এবং কারণতার উপর।
(C) কারণতা এবং সন্নিধির উপর।
(D) কেবলমাত্র কারণতার উপর।

According to Hume, all our ideas concerning matters of fact are dependent

(A) on resemblance and contiguity.
(B) on resemblance and causality.
(C) on causality and contiguity.
(D) on causality alone.

25. নিম্নোক্ত কোন মতবাদটি চার্বাক দর্শনসম্মত নয়?

(A) ভূতচৈতন্যবাদ

(B) স্বভাববাদ

(C) কর্মবাদ

(D) সুখবাদ

Which of the following views is not accepted by Cārvāka?

(A) *Bhūtacaitanyavāda*

(B) *Svabhāvavāda*

(C) *Karmavāda*

(D) *Sukhavāda*

26. অদ্বৈত বেদান্ত মতে নিম্নোক্ত কোনটি মায়ার বৈশিষ্ট্য নয়?

(A) মায়া অনির্বচনীয়।

(B) মায়া অনাদি ও অনন্ত।

(C) মায়া অধ্যাসের পরিণামী উপাদান কারণ।

(D) মায়া ভাবরূপ।

Which of the following according to Advaita Vedanta is not a characteristic of *māyā*?

(A) *Māyā* is inexplicable.

(B) *Māyā* is beginningless and endless.

(C) *Māyā* is transformative material cause of adhyāsa.

(D) *Māyā* is positive.

27. উদ্বৃত্ত মূল্যের তত্ত্বের সঙ্গে কার নাম সম্পর্কিত?

(A) গান্ধী

(B) ম্যুর

(C) মার্ক্স

(D) ফুরিয়ে

Whose name is associated with the Theory of Surplus Value?

(A) Gandhi

(B) Moore

(C) Marx

(D) Fourier

28. অ্যারিস্টটলের মতে জগতের আদি কারণ হল

(A) মৃত্তিকা

(B) জল

(C) অগ্নি

(D) ঈশ্বর

According to Aristotle the primary cause of world is

(A) Soil

(B) Water

(C) Fire

(D) God

29. নীচের কোনটি মুখ্য গোষ্ঠী?

(A) পরিবার

(B) রাজনৈতিক দল

(C) ক্রেতা-বিক্রেতা

(D) উপরের কোনোটিই নয়

Which of the following is a primary group?

(A) Family

(B) Political Party

(C) Buyer-Seller

(D) None of the above

30. লক-এর দর্শনের প্রেক্ষিতে কোন বক্তব্যটি যথার্থ?

(A) মন গৌণগুণগুলির সংবেদন গ্রহণ করে।

(B) মন মুখ্যগুণগুলির সংবেদন গ্রহণ করে।

(C) মন মুখ্যগুণের ধারণা তৈরি করতে পারে।

(D) মন মুখ্য ও গৌণ উভয় গুণের সংবেদন গ্রহণ করে।

Which one is the correct option with reference to Locke's philosophy?

(A) Mind receives the sensation of secondary qualities.

(B) Mind receives the sensation of primary qualities.

(C) Mind can create the sensation of primary qualities.

(D) Mind receives the sensation of both primary and secondary qualities.

**31.** নিম্নোক্ত কোন মতটি ন্যায়-বৈশেষিকসম্মত?

(A) পরিণামবাদ

(B) সৎকার্যবাদ

(C) বিবর্তবাদ

(D) অসৎকার্যবাদ

Which one of the following views is accepted by Nyāya-Vaiśeṣika?

(A) *Pariṇāmavāda*

(B) *Satkāryavāda*

(C) *Vivartavāda*

(D) *Asatkāryavāda*

**32.** ন্যায়মতে কোন সংস্কারটি স্মৃতির জন্য দায়ী?

(A) বেগ

(B) ভাবনা

(C) স্থিতিস্থাপকতা

(D) উপরের কোনোটিই নয়

According to Nyāya which *saṁskāra* is responsible for *Smṛti*?

(A) *Vega*

(B) *Bhāvanā*

(C) *Sthitisthāpakatā*

(D) None of the above

**33.** ন্যায়সূত্রে কতগুলি প্রমেয় পদার্থ স্বীকার করা হয়?

How many *prameya padhārthas* have been accepted in Nyāya-Sūtra?

(A) 16

(B) 12

(C) 10

(D) 7

**34.** নীচের কোনটি একটি বচন?

Which of the following is a proposition?

(A) $(Sx \supset Px) \supset Px$

(B) $(x)\,(Sx \supset Px) \supset Px$

(C) $(\exists x)\,(Sx \cdot Px) \vee [\mathrm{Hp} \supset (Sx \cdot Px)]$

(D) $[(x)\,(Sx \supset Px) \cdot \mathrm{Hp}] \supset \mathrm{Ms}$

**35.** ফ্রয়েডের মতে নিম্নলিখিত কোনটি অচেতন-এর অস্তিত্বের পক্ষে প্রমাণ নয়?

(A) দৈনন্দিন জীবনের ভুলভ্রান্তি

(B) দিবাস্বপ্ন

(C) আকস্মিক স্মৃতি

(D) উদ্‌বেগ

Which of the following is not a proof for the existence of Unconscious according to Freud?

(A) Errors in everyday life

(B) Daydream

(C) Sudden memory

(D) Anxiety

**36.** নিম্নোক্ত কোনটি চার্বাকসম্মত দেহাত্মবাদের সমর্থক যুক্তি নয়?

(A) দেহহীন চেতনা সম্ভব নয়।

(B) চেতনা দেহের বিশেষণ।

(C) দেহ এবং চেতনা পরস্পর সাপেক্ষ।

(D) 'আমার দেহ' বাক্যটির মুখ্য অর্থই গ্রহণযোগ্য।

Which of the following is not an argument in favour of *dehātmavāda* accepted by Cārvāka?

(A) Disembodied consciousness is impossible.

(B) Consciousness is the qualifier of the body.

(C) Consciousness and body are interdependent.

(D) Primary meaning of the expression 'my body' has to be accepted.

37. "2+2=4"—কান্ট-এর মতে এই বচন কোন শ্রেণির?

(A) বিশ্লেষক পূর্বতঃসিদ্ধ

(B) সংশ্লেষক পরতঃসাধ্য

(C) সংশ্লেষক পূর্বতঃসিদ্ধ

(D) উপরের কোনোটিই নয়

According to Kant what kind of sentence is "2 + 2 = 4"?

(A) Analytic apriori

(B) Synthetic aposteriori

(C) Synthetic apriori

(D) None of the above

38. ন্যায়মতে নিম্নোক্ত কোন ক্ষেত্রে সমবায় সম্বন্ধ প্রযুক্ত হয় না?

(A) পুষ্প ও তার রূপ

(B) টেবিল ও তার অংশ

(C) বোতল ও তার মধ্যে থাকা জল

(D) গতিশীল গাড়ি ও তার গতি

In which of the following cases *samavāya* relation does not occur according to Nyāya?

(A) Flower and its colour

(B) Table and its part

(C) Bottle and the water inside

(D) Moving car and its motion

39. $p \vee q, p \supset q, p \cdot q, p \equiv q$—এই সবকটি সত্য হয়, যখন—

(A) $p$ সত্য, $q$ মিথ্যা

(B) $p$ মিথ্যা, $q$ সত্য

(C) $p, q$ উভয়েই মিথ্যা

(D) $p, q$ উভয়েই সত্য

$p \vee q, p \supset q, p \cdot q, p \equiv q$ — are all true, when

(A) $p$ is true, $q$ is false.

(B) $p$ is false, $q$ is true.

(C) both $p$ and $q$ are false.

(D) both $p$ and $q$ are true.

40. গান্ধীর অহিংসার ধারণা বিষয়ে কোনটি সত্য নয়?

(A) অহিংসার অর্থ হিংসাবিরতি মাত্র।

(B) অহিংসা একটি সক্রিয় শক্তি।

(C) সত্য ও প্রেম অহিংসার মূল।

(D) অহিংসার ধারণা জৈন ধর্মের দ্বারা গভীরভাবে প্রভাবিত।

Which is not true of Gandhi's conception of non-violence?

(A) Non-violence merely means refraining from violence.

(B) Non-violence is an active force.

(C) Truth and love are central to non-violence.

(D) Concept of non-violence is deeply influenced by Jainism.

41. হিউমের মতে "সূর্য পূর্বদিকে ওঠে"— এই বাক্যটি স্ববিরোধিতা ছাড়াই অস্বীকৃত হতে পারে, কারণ

(A) এটি একটি বস্তুস্থিতিবিষয়ক বাক্য।

(B) এটি একটি ধারণার সম্বন্ধবিষয়ক বাক্য।

(C) এটি আবশ্যিক কিন্তু অভিজ্ঞতালব্ধ বাক্য।

(D) এটি আপতিক কিন্তু চূড়ান্ত নিশ্চয়াত্মক বাক্য।

According to Hume the statement "Sun rises in the East" can be denied without contradiction, since

(A) it is a statement regarding matters of fact.

(B) it is a statement regarding relation of ideas.

(C) it is necessary but empirical statement.

(D) it is contingent but absolutely certain statement.

42. নীচের কোন বিকল্পটি কান্ট-এর নিঃশর্ত অনুজ্ঞার সূত্র বিষয়ে সত্য নয়?

(A) এটি একটি বিশুদ্ধ ব্যবহারিক প্রজ্ঞার আদেশ।

(B) এটি একটি পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক আদেশ।

(C) এটি একটি স্বতঃআরোপিত অনুজ্ঞা।

(D) এটি একটি ব্যক্তিকেন্দ্রিক কর্মনীতি।

Which of the following options is not true of Kant's formula of categorical imperative?

(A) It is a command of pure practical reason.

(B) It is a synthetic apriori command.

(C) It is a self-imposed imperative.

(D) It is a subjective principle of action.

43. নিম্নোক্ত কোনটি সংবেদনের ধর্ম নয়?

(A) তীব্রতা

(B) স্থায়িত্ব

(C) স্পষ্টতা

(D) স্মৃতি

Which one of the following is not an attribute of sensation?

(A) Intensity

(B) Duration

(C) Clarity

(D) Memory

44. $A, B, C, D$ ও $w, x, y, z$ একসঙ্গে ঘটে।
আবার $B, C, D$ ও $x, y, z$ একসঙ্গে ঘটে।
অতএব, $A$ হল $w$-এর কারণ অথবা কার্য।
— এক্ষেত্রে মিল-এর আরোহ অনুমানের কোন পদ্ধতি অনুসৃত হয়েছে?

(A) অন্বয়ী পদ্ধতি

(B) ব্যতিরেকী পদ্ধতি

(C) সহপরিবর্তন পদ্ধতি

(D) পরিশেষ পদ্ধতি

$A, B, C, D$ occur together with $w, x, y, z$.
$B, C, D$ occur together with $x, y, z$.
Therefore, $A$ is the cause or effect of $w$.
— In this case, which of the Mill's method of inductive inference is used?

(A) Method of Agreement

(B) Method of Difference

(C) Method of Concomitant Variation

(D) Method of Residues

45. বৌদ্ধদর্শন অনুসারে, নিম্নোক্ত কোনটি সংস্কারস্কন্ধের অন্তর্গত?

(A) ইন্দ্রিয়

(B) রাগ

(C) চাক্ষুষ জ্ঞান

(D) মন

According to Buddhist philosophy, which of the following is included under *Saṁskāraskandha*?

(A) Sense organs

(B) Attachment

(C) Visual cognition

(D) Mind

46. O-বচনের সমবিবর্তিত বচন কোনটি?

Which is the contrapositive proposition of O?

(A) A
(B) E
(C) I
(D) O

47. কান্টের মতে, পূর্বতসিদ্ধ জ্ঞানের বৈশিষ্ট্য হল

(A) অনিবার্যতা ও সার্বিকতা
(B) অনিবার্যতা ও নতুনত্ব
(C) কেবলমাত্র অনিবার্যতা
(D) অনিবার্যতা ও কঠোর সার্বিকতা

According to Kant, criterion/criteria of an apriori knowledge is/are

(A) Necessity and Universality
(B) Necessity and Novelty
(C) only Necessity
(D) Necessity and strict Universality.

48. মীমাংসকগণ স্বীকার করেন—

(A) স্বতঃ প্রামাণ্য ও স্বতঃ অপ্রামাণ্য
(B) পরতঃ প্রামাণ্য ও পরতঃ অপ্রামাণ্য
(C) স্বতঃ প্রামাণ্য ও পরতঃ অপ্রামাণ্য
(D) পরতঃ প্রামাণ্য ও স্বতঃ অপ্রামাণ্য

The Mīmāṁsaka-s accept—

(A) *Svataḥ prāmāṇya* and *Svataḥ aprāmāṇya*
(B) *Parataḥ prāmāṇya* and *Parataḥ aprāmāṇya*
(C) *Svataḥ prāmāṇya* and *Parataḥ aprāmāṇya*
(D) *Parataḥ prāmāṇya* and *Svataḥ aprāmāṇya*

49. দুটি পৃথক বিষয়ের মধ্যে সম্বন্ধ প্রসঙ্গে কে প্রথম 'তৃতীয় মানব যুক্তি'-র অবতারণা করেন?

(A) প্লেটো
(B) প্রোটাগোরাস
(C) সক্রেটিস
(D) অ্যারিস্টটল

Who is the first propounder of the 'Third Man Argument' in the context of the relation between two distinct entities?

(A) Plato
(B) Protagoras
(C) Socrates
(D) Aristotle

50. 'তত্ত্বমসি' মহাবাক্যটি কোন বেদ থেকে নেওয়া?

(A) ঋগ্বেদ
(B) সামবেদ
(C) যজুর্বেদ
(D) অথর্ববেদ

From which Veda the *mahāvākya* 'Tattvamasi' is taken from?

(A) Ṛgveda
(B) Sāmaveda
(C) Yajurveda
(D) Atharvaveda

51. যোগদর্শনে নিম্নলিখিত কোনটি 'সংস্কারশেষ' নামে পরিচিত?

(A) কৈবল্য
(B) অবিদ্যা
(C) সম্প্রজ্ঞাত সমাধি
(D) অসম্প্রজ্ঞাত সমাধি

Which one of the following is known as '*Saṁskāraśeṣa*' in Yoga philosophy?

(A) *Kaivalya*
(B) *Avidyā*
(C) *Samprajñāta Samādhi*
(D) *Asamprajñāta Samādhi*

52. সাংখ্যদর্শনে নিম্নলিখিত কোনটিকে প্রকৃতি-বিকৃতি বলা হয়?

(A) আকাশ

(B) পুরুষ

(C) চক্ষুরেন্দ্রিয়

(D) অহংকার

According to Sāṁkhya which of the following is called *Prakṛti-Vikṛti*?

(A) *Ākāśa*

(B) *Puruṣa*

(C) Visual sense organ

(D) *Ahaṁkāra*

53. নিম্নোক্ত কোন বচনাকারটি স্বতঃসত্য নয়?

Which of the following statement forms is not a tautology?

(A) $q \supset (p \supset q)$

(B) $\sim(p \vee q) \equiv (\sim p \cdot \sim q)$

(C) $\sim p \supset (p \supset q)$

(D) $p \supset [p \supset (q \cdot \sim q)]$

54. কোন ধরনের গণতন্ত্র মার্ক্সীয় দর্শনের সাথে সঙ্গতিপূর্ণ অথবা মার্ক্সীয় দর্শন থেকে অনুসৃত হতে পারে?

(A) সমাজতান্ত্রিক গণতন্ত্র

(B) উদারনৈতিক গণতন্ত্র

(C) প্রতিনিধিত্বমূলক গণতন্ত্র

(D) ধ্রুপদী গণতন্ত্র

Which kind of democracy is compatible with or can be followed from Marxist philosophy?

(A) Socialist Democracy

(B) Liberal Democracy

(C) Representative Democracy

(D) Classical Democracy

55. 'প্রসঙ্গ' পদ্ধতি কোন বৌদ্ধ সম্প্রদায় ব্যবহার করেন?

(A) বৈভাষিক

(B) সৌত্রান্তিক

(C) যোগাচার

(D) মাধ্যমিক

Which school of Buddhism uses '*Prasanga*' method?

(A) Vaibhāṣika

(B) Sautrāntika

(C) Yogācāra

(D) Mādhyamika

56. আধুনিক বুলীয় ভাষ্য অনুসারে

(A) সকল নিরপেক্ষ বচনের অস্তিত্বমূলক তাৎপর্য আছে।

(B) কেবল সামান্য বচনের অস্তিত্বমূলক তাৎপর্য আছে।

(C) কেবল বিশেষ বচনের অস্তিত্বমূলক তাৎপর্য আছে।

(D) কেবল সদর্থক বচনের অস্তিত্বমূলক তাৎপর্য আছে।

According to Modern Boolean Interpretation

(A) all categorical propositions have existential import.

(B) only universal categorical propositions have existential import.

(C) only particular categorical propositions have existential import.

(D) only affirmative categorical propositions have existential import.

57. নীচের কোনটি লক-এর মতে মুখ্য গুণ?

(A) বর্ণ

(B) উষ্ণতা

(C) স্পর্শ

(D) গতি

Which of the following is a primary quality according to Locke?

(A) Colour

(B) Temperature

(C) Touch

(D) Motion

58. কে মনে করেন যে ঈশ্বরসৃষ্ট এই জগৎ হল সম্ভাব্য সব জগতের মধ্যে সর্বোত্তম?

(A) স্পিনোজা

(B) লাইব্‌নিজ

(C) টমাস অ্যাকুইনাস

(D) দেকার্ত

Who thinks that the world created by God is the best of all possible worlds?

(A) Spinoza

(B) Leibnitz

(C) Thomas Aquinas

(D) Descartes

59. নীচের কোনটি স্মৃতির উপাদান নয়?

(A) ধারণ

(B) প্রত্যভিজ্ঞা

(C) শিক্ষণ

(D) অবদমন

Which of the following is not a factor of memory?

(A) Retention

(B) Recognition

(C) Learning

(D) Repression

60. সাংখ্য-সৎকার্যবাদ আর কী নামে পরিচিত?

(A) ব্রহ্ম-পরিণামবাদ

(B) প্রকৃতি-পরিণামবাদ

(C) প্রকৃতি-বিবর্তবাদ

(D) আরম্ভবাদ

What else Sāṁkhya-Satkāryavāda is known as?

(A) *Brahma-Pariṇāmavāda*

(B) *Prakṛti-Pariṇāmavāda*

(C) *Prakṛti-Vivartavāda*

(D) *Ārambhavāda*